



২৫ মে ১৯৮৭

## উপজেলা পরিক্রমা

### বদরগঞ্জ

পার্বতীপুর (দিনাজপুর), ৮ মে (সংবাদদাতা)।— কৃষি প্রধান জেলা রংপুরের সর্ববৃহৎ উপজেলা এবং ব্যবসার গুরুত্বপূর্ণস্থান বদরগঞ্জ উপজেলা। প্রচুর ধান, পাট, আখ, শাক-সজিতে ভরপুর। আগে এই উপজেলা "বইকান্তপুর" নামে পরিচিত ছিল। ১০ ইউনিয়ন নিয়ে এই উপজেলার ১৪৯টি গ্রামে লোকসংখ্যা পুরুষ ৮৮,২৪৮ জন, মহিলা ৮৫,০৩৬ জন, মোট ১ লাখ ৭৩ হাজার ২১৪ জন।

#### যোগাযোগ

উপজেলায় যোগাযোগের প্রধান মাধ্যম রেল পথ। তবে সরকারের শুভ পদক্ষেপে বন্দর সংলগ্ন নদীতে সেতু নির্মাণ কাজ শেষ হলে যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত হবে। উপজেলায় পাকা রাস্তা ৪ মাইল, আধাপাকা ৪ মাইল, কাঁচা রাস্তা ১৩৭ মাইল। মোট নদীপথ ১৬ মাইল। বর্ষাকালে নদীপথে মালামাল পরিবহন আনা নেয়া করে। টেলিফোন এক্সচেঞ্জ ১টি এবং টেলিফোনের সংখ্যা ১৩টি।

#### স্বাস্থ্য

এ উপজেলায় হাসপাতাল ১টি। হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা ভালো হলেও ঠিকমত ওষুধ পাওয়া যায় না। উপজেলায় পরিবার পরিকল্পনা তৎপরতা বৃদ্ধি ভালো। প্রতিটি ক্লিনিকে এ তৎপরতা অব্যাহত রয়েছে। ক্লিনিক মোট ৪টি।

#### কৃষি ব্যবস্থা

এ উপজেলায় কৃষি ব্যবস্থা গতানুগতিক

ধারার চেয়ে উন্নত না হলেও খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। খাদ্য উৎপাদন হয় বছরে ৬,৩২,৩৫৩ মণ। আবাদী জমি ৬৩ হাজার ১৪ একর, অনাবাদী জমি ৯০৯৯ একর। গড় উচ্চ জমির শতকরা হার ১০, মধ্যম জমির শতকরা হার ৭২। মোট খামার সংখ্যা ২২ হাজার ৯২০টি। বনের জমি ২০০ একর। পাওয়ার পাম্প ৪৮টি, অগভীর নলকূপ ১৮৯টি, গভীর নলকূপ ১৪৫টি, হস্তচালিত নলকূপ ২ হাজার ১২২টি। কৃষি পরিবার ২৯ হাজার ২৯৪টি।

#### শিক্ষা ব্যবস্থা

এ উপজেলায় শিক্ষিতের হার শতকরা ১৫-৪ জন। প্রাইমারী স্কুল ৮০টি, হাই স্কুল ১৫টি, মাদ্রাসা ১০টি, ফোরক্যানিয়া মাদ্রাসা ১৭টি, কলেজ ১টি। কলেজে নানাবিধ সমস্যা বিদ্যমান। কলেজ পরিচালনা কমিটির অবহেলায় কলেজটি বিলুপ্তির পথে।

#### বিবিধ

উপজেলায় ব্যাংক ৭টি, এতিমখানা ১টি, মসজিদ ৩১০টি, মন্দির ৩১টি, গীর্জা ৬টি। উপজেলাবাসীর বহু আকাঙ্ক্ষিত যমুনাসরী নদীর উপরে ব্রিজের কাজ খুব শীঘ্রই শুরু হবে। নদীর ভাঙ্গন থেকে বন্দর রক্ষার জন্য বাধ নির্মাণ কাজ প্রায় শেষ। আইন পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে বলে কর্তব্যরত ইউএনও বলে। উপজেলায় বিদ্যুৎ বিভ্রাট লেগেই আছে, মোটামুটি বিদ্যুৎ পেকেও নেই।